তারিখ ... 20 SEP 2016 ...
পৃষ্ঠা ... কলাম ...

দৈনিক
ইত্তেফাক

# নিতু হত্যাকারীর দৃষ্টান্তমূলক শাস্তির নির্দেশ শিক্ষামন্ত্রীর

■ ইত্তেফাক রিপোর্ট

মাদারীপুরের নবগ্রাম উচ্চ বিদ্যালয়ের নবম শ্রেণির ছাত্রী নিতু মন্ডলের হত্যাকারীর বিরুদ্ধে কঠোর আইনি ব্যবস্থা গ্রহণের নির্দেশ দিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। তিনি গতকাল সোমবার মাদারীপুর জেলা প্রশাসক ও পুলিশ সুপারের সাথে টেলিফোনে কথা বলেন এবং নিতু মন্ডলের হত্যাকারীর দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করার নির্দেশ দেন, পরবর্তী সময়ে যাতে আর কেউ এ ধরণের দুষ্কর্মের সাহস না পায়। এ সময় শিক্ষামন্ত্রী নিতু মন্ডলের শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনাও জানান।

১৮ সেপ্টেম্বর একই গ্রামের মিলন মন্ডল স্কুলে যাওয়ার পথে নিতুকে কুপিয়ে হত্যা করে পার্শ্ববর্তী খালে ফেলে যায়। এসময় পালিয়ে যাওয়ার সময় গ্রামবাসী হত্যাকারী মিলনকে আটক করে পুলিশের কাছে হস্তান্তর করে।

**ইভটিজিং প্রতিরোধে কঠোর ব্যবস্থা :** শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ ইভটিজিং প্রতিরোধে কঠোর ব্যবস্থা গ্রহণের জন্য আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যসহ সংশ্লিষ্টদের প্রতি আহবান জানিয়েছেন। তিনি বলেন, শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে যাতায়াতসহ ছাত্রীদের চলাফেরায় সর্বাত্মক নিরাপত্তা বিধানে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে হবে। শিক্ষা মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত এক বৈঠকে মন্ত্রী এসব কথা বলেন।

শিক্ষামন্ত্রী বলেন, দেশের প্রত্যন্ত অঞ্চলে এমনকি শহর এলাকাতেও স্কুল-কলেজগামী ছাত্রীদের উত্ত্যক্তকারী ও তাদের ওপর সন্ত্রাসীদের হামলার ঘটনা অভিভাবকদের বিচলিত করে। সরকারের কার্যকর পদক্ষেপ গ্রহণের ফলে ছাত্রীদের ওপর সহিংসতার ঘটনা অনেক কমে এসেছে উল্লেখ করে তিনি বলেন, সন্ত্রাসীদের হাতে ছাত্রী লাঞ্ছনার খবরে আমরা উদ্বিগ্ন। পিতা-মাতা এবং অভিভাবকগণ মেয়েদের শিক্ষাপ্রতিষ্ঠানে পাঠিয়ে ভয়াবহ মানসিক দুশ্চিন্তায় থাকেন। অসহনীয় পরিস্থিতিতে অনেকক্ষেত্রে মেয়েদের লেখাপড়া বন্ধ করে দেয়ার খবরও পাওয়া যায়।

শিক্ষামন্ত্রী বলেন, নারী শিক্ষা বিস্তারে সরকারের বিভিন্ন কর্মসূচি ফলপ্রসু করতে সমাজ থেকে ছাত্রী লাঞ্ছনা পুরোপুরি নির্মূল করতে হবে। তিনি বলেন, কেবল আইনের মাধ্যমে এ ধরণের সামাজিক ব্যাধির প্রতিকার সম্ভব নয়। এজন্য প্রয়োজন ইভটিজিং বিরোধী ব্যাপক সামাজিক সচেতনতা ও সামাজিক প্রতিরোধ।

শিক্ষা সচিব মোঃ সোহরাব হোসাইন, মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব এ এস মাহমুদ, ড. অরুণা বিশ্বাস, চৌধুরী মুফাদ আহমদ, ড. মোল্লা জালাল উদ্দিন, ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর মোঃ মাহাবুবুর রহমান এবং মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের ভারপ্রাপ্ত মহাপরিচালক প্রফেসর শামছুল হুদাসহ ঊর্ধ্বতন কর্মকর্তাগণ এ বৈঠকে উপস্থিত ছিলেন।

## কালকিনিতে স্কুলছাত্রী হত্যা

**মহিলা পরিষদের উদ্বেগ :** মাদারীপুর জেলার কালকিনি উপজেলায় প্রেমের প্রস্তাব প্রত্যাখ্যান করায় নবম শ্রেণির ছাত্রীকে কুপিয়ে হত্যা করেছে কলেজ ছাত্র মিলন মণ্ডল। এ ঘটনায় তীব্র নিন্দা, গভীর উদ্বেগ ও ক্ষোভ প্রকাশ করেছে বাংলাদেশ মহিলা পরিষদ। পরিষদের নেতৃবৃন্দ ঘটনার সঙ্গে জড়িতদের বিরুদ্ধে দায়েরকৃত মামলার সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্ত সাপেক্ষে যথাযথ শাস্তি নিশ্চিতকরণের বিষয়ে জোর দাবি জানিয়েছেন। সেই সঙ্গে যৌননিপীড়ন ও উত্ত্যক্তকরণের ঘটনা প্রতিরোধে হাইকোর্ট বিভাগের রায়ের আলোকে পৃথক আইন প্রণয়নসহ এ ধরনের ঘটনার পুনরাবৃত্তিরোধে ব্যাপক জনসচেতনতা তৈরির জন্য সরকারের সংশ্লিষ্ট মন্ত্রণালয়সহ প্রশাসনের নিকট জোর দাবি জানিয়েছেন।

গতকাল এক বিবৃতিতে তারা এ দাবি জানান। নেতৃবৃন্দ বলেছেন, মিলন মণ্ডল কালকিনি উপজেলার সৈয়দ আবুল হোসেন কলেজের স্নাতক তৃতীয় বর্ষের ছাত্র। সে ওই ছাত্রীর ছোট ভাই দীপ্ত মণ্ডলের গৃহশিক্ষক ছিলেন। মিলন নির্যাতনের শিকার ছাত্রীকে দীর্ঘদিন ধরে প্রেমের প্রস্তাব দিয়ে উত্ত্যক্ত করে আসছিল। ছাত্রী তা প্রত্যাখ্যান করলে মিলন ক্ষিপ্ত হয়ে গত ১৮ সেপ্টেম্বর ওই ছাত্রীর স্কুলে যাওয়ার পথে তাকে ধারালো অস্ত্র দিয়ে এলোপাতাড়ি কুপিয়ে হত্যা করে। পালিয়ে যাওয়ার সময় মিলনকে এলাকাবাসী আটক করে পুলিশে সোপর্দ করে।